

প্রশ্নঃ ৪৬৩. আমি একজন মেয়েকে ভালোবেসেছিলাম এবং একসময় নিজের ভালোবাসার কথা তাকে জানাই। আল্লাহর কৃপায় সেও আমাকে গ্রহণ করে। তবে আমি জানতাম, যদি সম্পর্কটি শুধু গতানুগতিক প্রেমে পরিণত হয়, তাহলে সেটা গোনাহের পথ হতে পারে। তাই আমরা আল্লাহর ভয় নিয়ে, পাপ থেকে বাঁচার চিন্তায়, আমার পরিবারকে বিষয়টি জানাই। তারাও সম্মত হন। তবে কিছু পারিবারিক সমস্যা থাকায় উভয় পরিবার চায়, বিয়ের বিষয়টা অন্তত এক-দুই বছর পরে হোক। অন্যদিকে, আমাদের মধ্যে কথা বলা ও যোগাযোগ শুরু হয় — যা আমাদের পাপমুক্ত রাখছিল না। এ অবস্থায় বন্ধুদের পরামর্শে মেয়েটিকে অনুরোধ করি, যেন সে আমাকে মোবাইলের মাধ্যমে ওকিল নিযুক্ত করে (যেমন: “আমি আপনাকে আমার পক্ষ থেকে বিয়ের জন্য ওকিল নিযুক্ত করলাম”)। সে রাজি হয় এবং আমাকে ওকিল নিযুক্ত করে। আমি, আমার দুই বন্ধু— আমাদের মধ্যে একজন খুতবা পাঠ করে, আর আমি নিজেই মেয়ের পক্ষ ও নিজের পক্ষ থেকে ইজাব (প্রস্তাব) ও কবুল (গ্রহণ) করি। এভাবেই নিকাহ সম্পন্ন হয়। এরপর প্রায় এক বছর আমরা কথাবার্তা চালিয়ে যাই। কিন্তু সময়ের সাথে কিছু সমস্যা ও ঝগড়া শুরু হয়। একসময় মেয়েটি তালাক চায়। আমি তাকে এক তালাকে রজয়ি দিই। কিছুদিন পর সে অনুতপ্ত হয়ে মারফ চায় এবং আমি তাকে ফিরিয়ে নিই। কিছুদিন আগে আবারও ঝগড়ার এক পর্যায়ে সে উত্তেজনায় তিন তালাক চায়। তখন পরিস্থিতি এতটাই খারাপ হয় যে, আমি তাকে তিন তালাক দিয়ে দেই। এই পুরো বিষয়টি দুই পরিবারের কেউ জানে না। বর্তমানে সে আবার অনুতপ্ত হয়ে ফিরে আসতে চায়, ক্ষমা চাচ্ছে। কিন্তু আমি তাকে বলেছি, তিন তালাকের পর আর ফেরার কোনো সুযোগ নেই। এখন মেয়েটি তার পরিবারকে বিয়ের জন্য বুঝিয়েছে, এবং তার পরিবার এখন আমার পরিবারকে চাপ দিচ্ছে বিয়ের জন্য। আমি খুবই দুশ্চিন্তায় আছি, কারণ আমি ঘটনাগুলো কারো সামনে খোলাসা করতে পারছি না। --- এখন আমার প্রশ্ন: 1. শরিয়তের দৃষ্টিতে আমি কি তাকে আবার বিয়ে করতে পারবো? 2. যদি না পারি, তাহলে আমার পরিবারকে এই সত্য ঘটনাগুলো কীভাবে বোঝাবো? 3. আমি কোন ভুল করেছি? ভবিষ্যতে আল্লাহর গজব থেকে বাঁচার জন্য কী করণীয়? --- আল্লাহ যেন আপনাদের ইলমে, হিকমতে, হায়াতে বরকত দান করেন। আমি আপনাদের দিকনির্দেশনা ও পরামর্শ চাই।

আপনার প্রশ্ন থেকে বুঝা যাচ্ছে বিয়ের পর আপনাদের মাঝে খলাওয়াতে সহীহাহ (নির্জন বাস) সম্পাদিত হয় নি। আর এই অবস্থায় তালাক দিলে তা তালাকে বায়েন হয়। তাই আপনার প্রথম তালাকের দ্বারা তা তালাকে বায়েন হয়ে গেছে। এর ফলে পরবর্তী তালাকগুলো তার উপর পতিত হয় নি। তাই আপনারা ইচ্ছা করলে পুনরায় আবার বিয়ে করে নিলেই হবে। আর পরবর্তীতে আপনি তাকে আর দুই তালাক দেওয়ার অধিকার রাখবেন।

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

